

স্মারক নম্বর-২৪.০২.০০০০.০০০.০০১.১১.০০০১.২৫-১০০১

তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

নিয়োগ আদেশ

বস্ত্র অধিদপ্তরের ২৪/০৭/২০২৫ তারিখের ২৪.০২.০০০০.০০০.০০১.১১.০০০১.২৫-৮৭০ নং আদেশে জারীকৃত নিয়োগ বিজ্ঞপ্তি, বিভাগীয় বাছাই/নির্বাচন কমিটির ০২/১২/২০২৫ তারিখের ২৪.০২.০০০০.০০০.০০১.১১.০০০১.২৫-১৫২৬ নং স্মারকে জারীকৃত কার্যবিবরণীর সুপারিশ অনুযায়ী এবং তাঁদের পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন হওয়ায় নিম্নোক্ত প্রার্থীগণকে বস্ত্র অধিদপ্তরের আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠানের “আর্টিস্ট ডিজাইনার” (স্থায়ী-৩টি) পদে জাতীয় বেতনস্কেল, ২০১৫ এর ১০২০০-২৪৬৮০/- (শ্রেণি-১৪) বেতনক্রম অনুযায়ী নিম্নলিখিত শর্ত সাপেক্ষে অস্থায়ীভাবে নিয়োগ প্রদান করা হলোঃ

ক্র: নং	প্রার্থীর নাম, পিতা ও মাতার নাম, রোল নম্বর	মেধাক্রম	স্থায়ী ঠিকানা	বর্তমান ঠিকানা
১.	জনাব মোঃ তরিকুল ইসলাম রোল নম্বর-১৪০০০১২০ পিতা-মোঃ হাবিবুর রহমান মাতা-মোছাঃ কুলছুমা বেগম	০১	গ্রাম-চকশুলবান, ডাকঘর- শিবপুর, উপজেলা-বিরামপুর, জেলা-দিনাজপুর	গ্রাম-চকশুলবান, ডাকঘর-শিবপুর, উপজেলা-বিরামপুর, জেলা- দিনাজপুর
২.	জনাব মোঃ মাসুদ রানা রোল নম্বর-১৪০০০০২০ পিতা-মোঃ আবু তাহের মাতা-মমতাজ বেগম	০২	গ্রাম-আরজী দেবীপুর, ডাকঘর- শিয়ালকোট, উপজেলা- পার্বতীপুর, জেলা-দিনাজপুর	গ্রাম-আরজী দেবীপুর, ডাকঘর- শিয়ালকোট, উপজেলা-পার্বতীপুর, জেলা-দিনাজপুর
৩.	জনাব অনিমেষ বিশ্বাস রোল নম্বর-১৪০০০২৭৬ পিতা-অমিও বিশ্বাস মাতা-অমলা রানী বিশ্বাস	০৩	গ্রাম-রামকান্তপুর, ডাকঘর- ব্যাসদী গাজনা, উপজেলা- মধুখালী, জেলা-ফরিদপুর	গ্রাম-রামকান্তপুর, ডাকঘর-ব্যাসদী গাজনা, উপজেলা-মধুখালী, জেলা- ফরিদপুর

০২। শর্তাবলী:

- নিয়োগপ্রাপ্ত প্রার্থীগণকে আগামী ২৫/০৬/২০২৬ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, প্রধান কার্যালয়, বিটিএমসি ভবন (১০ম তলা), ৭-৯, কাওরান বাজার, ঢাকা বরাবর যোগদান করতে হবে। নির্ধারিত তারিখের মধ্যে চাকরিতে যোগদান না করলে তিনি চাকরিতে যোগদান করতে সম্মত নন বলে ধরে নেয়া হবে এবং এ নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;
- নিয়োগপ্রাপ্ত ব্যক্তি/ব্যক্তিগণ যোগদানের তারিখ হতে ০২ (দুই) বছরের জন্য শিক্ষানবিশ হিসাবে কর্মরত থাকবেন। শিক্ষানবিশ থাকাকালীন কর্তৃপক্ষ যদি মনে করেন যে, তাঁর/তাঁদের আচরণ ও কর্ম সন্তোষজনক নয় বা কর্মদক্ষ হবার সম্ভাবনা নেই তবে নিয়োগকারী কর্তৃপক্ষ তাঁর/তাঁদের চাকরির অবসান ঘটাতে পারবেন;
- অস্থায়ী পদ স্থায়ী হওয়া সাপেক্ষে বস্ত্র অধিদপ্তরের নিয়োগবিধি অনুযায়ী চাকরি স্থায়ীকরণের ক্ষেত্রে নির্ধারিত শর্তাবলী প্রতিপালন হওয়ায় পর সংশ্লিষ্ট পদের চাকরি স্থায়ী করা যাবে;
- যদি তিনি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অশীকারবদ্ধ হয়ে থাকেন তবে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে;

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

- (ঙ) নিয়োগপ্রাপ্ত ব্যক্তিগণকে নিজ ব্যবস্থাপনায় সিভিল সার্জন কর্তৃক শারীরিক যোগ্যতা সম্পর্কে স্বাস্থ্যগত সনদপত্র এবং স্বাস্থ্য বিষয়ক মাদকাসক্তি বিষয়ক সনদ (ডোপ টেস্ট) যোগদানের সময় দাখিল করতে হবে। স্বাস্থ্য পরীক্ষার সনদে কোন বিরূপ মন্তব্য থাকলে এবং তা সরকারি দায়িত্ব পালনে ব্যাঘাত সৃষ্টি করতে পারে বলে প্রমাণিত বা প্রতীয়মান হলে কর্তৃপক্ষ এ নিয়োগ বাতিল করার ক্ষমতা রাখেন;
- (চ) এ নিয়োগ আদেশে সুনির্দিষ্টভাবে বর্ণিত হয়নি, এরূপ ক্ষেত্রে তাঁর চাকরি সংক্রান্ত বিষয়ে সরকারের প্রচলিত বিধি-বিধান ও আদেশ প্রযোজ্য হবে এবং সরকার কর্তৃক ভবিষ্যতে প্রণীতব্য বিধি-বিধান ও আদেশ অনুসারে তাঁর চাকরি নিয়ন্ত্রিত হবে;
- (ছ) কাজে যোগদানের সময় সরকারি অথবা আধা সরকারি সংস্থায় চাকুরিরত থাকলে নিয়োগকারী কর্তৃপক্ষের নিকট হতে অবশ্যই ছাড়পত্র গ্রহণকরত: দাখিল করতে হবে।
- (জ) চাকুরিতে তাঁর/তাদের জ্যেষ্ঠতা বিধি মোতাবেক সংশ্লিষ্ট পদের জন্য প্রণীত মেধাক্রম অনুযায়ী নির্ধারিত হবে;
- (ঝ) চাকুরিতে যোগদানের জন্য তিনি কোন ভ্রমণ ভাতা/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না।

০৩। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হলো।

আ.ন.ম তরিকুল ইসলাম
পরিচালক (যুগ্মসচিব) প্রশাসন ও অর্থ
তারিখ: ০৪ আষাঢ় ১৪৩৩
১৮ জুন ২০২৬

স্মারক নম্বর-২৪.০২.০০০০.০০০.০০১.১১.০০০১.২৫-১০০১(১৩)

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। পরিচালক (যুগ্মসচিব), প্রশাসন ও অর্থ, বস্ত্র অধিদপ্তর, ঢাকা;
- ২। পরিচালক (উপসচিব), বস্ত্র/শিক্ষা/পরিকল্পনা ও উন্নয়ন, বস্ত্র অধিদপ্তর, ঢাকা;
- ৩। একান্ত সচিব টু সচিব, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ৪। চীফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বস্ত্র ও পাট মন্ত্রণালয়, সিজিএ ভবন, সেগুনবাগিচা, ঢাকা;
- ৫। অধ্যক্ষ, টেক্সটাইল ইঞ্জিনিয়ারিং কলেজ,
- ৬। অধ্যক্ষ, টেক্সটাইল ইনস্টিটিউট,
- ৭। উপপরিচালক, বিভাগীয় কার্যালয়, বস্ত্র অধিদপ্তর, ঢাকা/ রাজশাহী/ খুলনা/ চট্টগ্রাম;
- ৮। সুপারিনটেনডেন্ট, টেক্সটাইল ভোকেশনাল ইনস্টিটিউট,
- ৯। উপপরিচালক (অর্থ), বস্ত্র অধিদপ্তর, ঢাকা;
- ১০। প্রোগ্রামার, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য);
- ১১। পিএ টু মহাপরিচালক, বস্ত্র অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য);
- ১২। জনাব
- ১৩। অফিস কপি/মাস্টার ফাইল।

সুমনা
১৮ জুন ২০২৬
মোছাঃ সুমনা পারভীন
সহকারী পরিচালক (প্রশাসন)